

যুগান্তর

জাবির ছাত্রী হলে চুরি, পদত্যাগ করলেন প্রভোস্ট

👤 জাবি প্রতিনিধি

🕒 ১৪ মার্চ ২০২৩, ২২:৩৬:৪২ | [অনলাইন সংস্করণ](#)



গত ১১ জানুয়ারি রাত ৩টার দিকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সুফিয়া কামাল হলে, ৪টার দিকে খালেদা জিয়া হলে এবং ভোর সাড়ে ৫টার দিকে শেখ হাসিনা হলে ঢুকে ছাত্রীদের গালাগালি, হেনস্তা করা ও চুরির ঘটনা ঘটে।

এর প্রেক্ষিতে ১২ জানুয়ারি রাত আটটার দিকে নিরাপদ হলের দাবিতে সুফিয়া কামাল হল থেকে খালেদা জিয়া হল পর্যন্ত ছাত্রীরা বিক্ষোভ মিছিল করে। এ ঘটনায় সুফিয়া কামাল হলের প্রভোস্ট অধ্যাপক মো. মোতাহার হোসেন পদত্যাগ করেছেন।

এ বিষয়ে অধ্যাপক মো. মোতাহার হোসেন বলেন, আমি সম্প্রতি ঘটে যাওয়া চুরির ঘটনায় মর্মান্বিত হয়ে প্রতিবাদস্বরূপ দায়িত্ব থেকে পদত্যাগ করেছি। ২০১৯ সালে হলের সীমানা প্রাচীরের উচ্চতা বৃদ্ধির জন্য আবেদন করেছি, ২০২১ সালে হ্যালোজেন লাইট স্থাপনের জন্য আবেদন করেছি, কিন্তু প্রশাসন কোনোটাই বাস্তবায়ন করে নাই। ফলশ্রুতিতে চুরিসহ ছাত্রী

X

এদিকে সুফিয়া কামাল হলের প্রভোস্ট অধ্যাপক মো. মোতাহার হোসেনের পদত্যাগের পর ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজির (আইআইটি) অধ্যাপক কে এম আককাছ আলীকে নতুন প্রভোস্টের দায়িত্ব দেয়া হয়েছে।

সোমবার বিশ্ববিদ্যালয়ের চুক্তিভিত্তিক রেজিস্ট্রার রহিমা কানিজ স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, বেগম সুফিয়া কামাল হলের প্রভোস্ট ও আইবিএ-জেইউ এর অধ্যাপক ড. মো. মোতাহার হোসেনের প্রভোস্টের দায়িত্ব থেকে পদত্যাগপত্র গ্রহণপূর্বক ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজির অধ্যাপক কে এম আককাছ আলীকে যোগদানের তারিখ হতে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উক্ত হলের প্রভোস্ট নিয়োগ করা হলো। তিনি প্রচলিত নিয়মে সুবিধাদি ভোগ করবেন।

সুফিয়া কামাল হলের নতুন প্রভোস্ট অধ্যাপক কে এম আককাছ আলী বলেন, কিছুক্ষণ আগে নতুন প্রভোস্ট হওয়ার চিঠি পেয়েছি। বুধবার আনুষ্ঠানিকভাবে দায়িত্ব গ্রহণ করবো।

সাম্প্রতিক সময়ে ঘটে যাওয়া চুরির ঘটনা সম্পর্কে জানতে চাইলে তিনি বলেন, সুফিয়া কামাল হলসহ আরও দুটি হলে এই ঘটনা ঘটেছে। দায়িত্ব গ্রহণ করার পর এই বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবো।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023